

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৮১৩

১/ বিবিধ

আরবী

إن الله تبارك وتعالى كتب الغيرة على النساء، والجهاد على الرجال، فمن صبر منهن كان لها مثل أجر الشهيد
منكر

رواه الطبراني في " المعجم الكبير " (3 / 61 / 2) والعقيلي (ص 268) وابن الأعرابي في " معجمه " (82 / 1) وعنه القضاعي (93 / 1) والدولابي (2 / 100) وابن عدي (279 – 280) والبزار عن عبيد بن الصباح عن كامل بن العلاء عن الحكم عن إبراهيم عن علقمة عن ابن مسعود مرفوعا، قال المناوي: " قال البزار لا نعلمه إلا من هذا الوجه، وعبيد لا بأس به، وكامل كوفي مشهور، على أنه لم يشاركه أحد فيه ". وقال الهيثمي (4 / 320) : رواه البزار والطبراني وفيه عبيد بن الصباح، ضعفه أبو حاتم، ووثقه البزار، وبقية رجاله ثقات ". قلت: وأورد ابن أبي حاتم حديثه هذا في " العلل " (1 / 313) وقال: " سألت أبي عنه؟ قال: هذا حديث منكر، وقال مرة أخرى: هذا حديث موضوع بهذا الإسناد ". قلت: وساقه الذهبي في ترجمة عبيد بن الصباح من مناكيره، وكأنه نسي هذا فصح له حديثا آخر تبعا للحاكم: بلفظ: " إذا أردت أن تغزو ... " وهو في " الترغيب " (2 / 162)

বাংলা

৮১৩। আল্লাহ তা'আলা নারীদের উপর ঈর্ষা করাকে ফরয করেছেন আর পুরুষদের উপর জেহাদকে ফরয

করেছেন। নারীদের মধ্য হতে যেজন ধৈর্য ধারণ করবে তার জন্য এক শহীদের সমান ছাওয়াব হবে।

হাদীছটি মুনকার।

এটি তাবারানী “আল-মুজামুল কাবীর” (৩/৬১/২) গ্রন্থে, উকায়লী (পৃঃ ২৬৮), ইবনুল আ'রাবী তার "মুজাম" (১/৮২) গ্রন্থে, তার থেকে কাযাঈ (১/৯৩), দুলাবী (২/১০০), ইবনু আদী (২৭৯-২৮০) এবং বাযযার ওবায়েদ ইবনুস সাবাহ হতে তিনি কামিল ইবনুল আলা হতে তিনি আল-হাকাম হতে তিনি ইবরাহীম হতে তিনি আলকামাহ হতে ... বর্ণনা করেছেন।

মানবী বলেনঃ বাযযার বলেছেনঃ হাদীছটি একমাত্র এ সূত্রেই আমরা অবহিত হয়েছি। ওবায়েদের মধ্যে সমস্যা নেই ...। হায়ছামী (৪/৩২০) বলেনঃ হাদীছটির সনদে ওবায়েদ রয়েছে, আবু হাতিম তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। বাযযার তাকে নির্ভরযোগ্য বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ ইবনু আবী হাতিম তার এ হাদীছটি “আল-ইলাল” (১/৩১৩) গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ আমি আমার পিতাকে হাদীছটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেনঃ এ হাদীছটি মুনকার। আরেকবার বলেনঃ এ সনদে হাদীছটি বানোয়াট।

যাহাবী ওবায়েদের জীবনী আলোচনা করতে গিয়ে তার মুনকারগুলো উল্লেখ করেছেন।

সম্ভবত তিনি তার এ কথা ভুলে গিয়ে তার অন্য একটি হাদীছকে হাকিমের অনুসরণ করে সহীহ আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71692>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন